



32751 - গরীব লোক ও তার পরিবারের উপর কফিতরা ফরয?

প্রশ্ন

জনকৈ গরীব লোক তার মা-বাবা ও সন্তানাদিনিয়ে গঠিত পরিবার চালায়। ঈদুল ফতিরের দিন তার কাছে কেবল এক সা' খাবার থাকে। সুতরাং ঐ ব্যক্তিকার পক্ষ থেকে ফিতরা পরিশোধ করবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

প্রশ্নকারী গরীব ব্যক্তির যবে অবস্থার কথা উল্লেখ করেছেন যদি প্রকৃত অবস্থা এমন হয় তাহলে ঐ গরীব ব্যক্তিতার নিজের পক্ষ থেকে এক সা' খাদ্য ফিতরা হিসেবে পরিশোধ করবেন; যদি এক সা' খাদ্য তার নিজের ও তার পরিবারের সদস্যদের ঈদের দিন ও রাতের প্রয়োজনের অতিরিক্ত হয়। যহেতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেন: “আপনি নিজেকে দিয়ে শুরু করুন। এরপর আপনি যাদের ভরণপোষণ করেন তাদের দিয়ে”। [সহিহ বুখারী (২/১১৭), (৬/১৯০) ও সহিহ মুসলিম (২/৭১৭, ৭১৮, ৭২১) নং ১০৩৪, ১০৩৬, ১০৪২]

পক্ষান্তরে, গরীব ব্যক্তি যাদের ভরণপোষণ চালান তাদের কাছে যদি নিজদের ফিতরা নিজের পরিশোধ করার মত কিছু না থাকে তাহলে তাদের উপর থেকে ফিতরা মওকুফ হয়ে যাবে। যহেতে আল্লাহ বলছেন: “আল্লাহ কোন ব্যক্তির উপর তার সাধ্যের অতিরিক্ত কোন দায়িত্ব আরোপ করেন না।” [সূরা বাক্বারা, আয়াত: ২৮৬] এবং যহেতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেন: “স্বচ্ছলতা ছাড়া ফিতরা নহে।” [সহিহ বুখারী (২/১১৭, ৬/১৯০), সহিহ মুসলিম (২/৭১৭, নং ১০৩৪)] এবং যহেতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেন: “আমি যখন তোমাদেরকে কোন নির্দেশে দই তখন যতটুকু পার ততটুকু পালন করা।”

আল্লাহই তাওফিকদাতা